**ADARSHA KAJER SANDHANAY (AKAS)**
**A Centre for Human Right's and Women's Development**

# বার্ষিক প্রতিবেদন

জুলাই ২০১৯ হইতে জুন ২০২০

আদর্শ কাজের সন্ধানে (আকাস)
প্রধান কার্যালয়ঃ পি এম এ সাত্তার ভিলা, বাড়ি নং-২০ কৈলাশ ঘোষ লেন,
আন্ডার গ্রাউন্ড, রাজার দেউরী, পোস্ট- বাংলাবাজার, থানা কোতয়ালী, ঢাকা- ১১০০

# সম্পাদকীয়

উন্নয়নের স্রোত ধারায় গড়ে ওঠে বিভিন্ন সামাজিক ও মানবিক সেচ্ছাসেবী সংস্থা। পল্লী বাংলার অবহেলিত বঞ্চিত দরিদ্র মানুষের আর্থ-সামাজিক ও মানবিক উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে গৃহীত হয় বিভিন্ন কর্মসূচী। আর তাবাস্তবয়নের মধ্যে দিয়ে সঞ্চিত হয় দেশ ও সমাজের উন্নয়ন। দীর্ঘ মেয়াদী উন্নয়নের সেই পথ পরিক্রমায় আকাস এর অগ্রযাত্রা আজ অবধি অব্যাহত।

মানুষের জীব ও জীবিকার তাগিদে গড়ে ওঠে বিভিন্ন সামাজিক আন্দোলন। সে আন্দোলন যদি হয় দারিদ্র বিমোচন ও মানবিক উন্নয়ন তবে নিঃসন্দেহে তা প্রশংসার দাবী রাখে। উন্নংনের মূল ধারার সাথে একত্ম হয়ে আকাস ১৯৯৯ সাল থেকে গ্রামীণ দরিদ্র মানুষের সেবা, কল্যাণ, দূর্দশা লাগব এবং ন্যায় প্রতিষ্ঠার জন্য নিরলস ভাবে কাজ করে আসছে। ইতি মধ্যে আকাস এর সকল কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ যাবৎ কালের গৃহীত কার্যক্রমের উদ্দেশ্যাবলী অনেকাংশেই সফল হয়েছে। চলমান প্রকল্প অনুযায়ী সঠিক ভাবে বাস্তবায়িত হচ্ছে। এ জন্য যাদের উৎসাহ প্রেরণা ও সহযোগীতা আমাদেকে অনুপ্রাণীত করছে,আমরা তাদেরকে কৃতজ্ঞভাবে স্মরণ করি। আরো কৃতজ্ঞভাবে স্মরণ করি সমাজ সেবা অধিদপ্তর, জাতীয় সমাজ কল্যাণ পরিষদ, যুব উন্নয়ন,মহিলা বিষয়ক অধিদপ্তর এনজিও ফোরাম বরিশাল অঞ্চল, বিকল্প উন্নয়ন কর্মসূচী (বিউক) বরিশাল, বাংলাদেশ, ডেভলপমেন্ট সোসাইটি (বিডিএস) বরিশাল, বরিশাল এনজিও কো অর্ডিনেশন (বিএনসি), ক্রেডিট এন্ড ডেভলপমেন্ট ফোরাম (সিডিএফ) ঢাকা, কৃষি ফোরাম ঢাকা, প্রাকটিকাল এ্যাকশন বাংলাদেশ, ইনফিএশিয়া, প্রতিবন্ধীফোরাম স্টেপসটুওয়ার্ডস ডেভলপমেন্ট বাংলাদেশ জাতীয় প্রতিবন্ধী ফোরাম ঢাকা, হ্যাবিটার্ট কাউন্সিল বাংলাদেশ, পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ ক্যাব, সেভ দ্যা চিলড্রেন ইউএসএ, সেভ দ্যা চিলড্রেন অষ্ট্রেলিয়া, সুশাসনের জন্য প্রচার অভিযান(সুপ্র), কোস্ট ট্রাস্ট, নারীপক্ষ, বাংলাদেশ ডেভলপমেন্ট পার্টনারশীপ সেন্টার (বিডিপিসি), নামাফ, নারী উদ্যোগ কেন্দ্র(নউক), এনকভাউ, কোডেক, এএলআরডি, এসডিএস, এন সি ফোর, বাংলাদেশ শিশু অধিকার ফোরাম সহ দাতা সংস্থা যাদের আর্থিক সহায়তা মূল্যায়ন পরামর্শ আমাদের সংগঠন পরিচালনার দিক নির্দেশনা দিয়েছে। যারা যুগিয়েছে আমাদের কর্ম উদ্দীপনা ও অনুপ্রেরণা। কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি ইউ এস এইড , ওয়ার্ল্ড ফিস সেন্টার, হাইসাওয়া ফান্ড, অক্সফ্যাম জিবি, মানুষের জন্য ফাউন্ডেশন, কেয়ার বাংলাদেশ ও কারিতাস বাংলাদেশ যাদের মূল্যবান পরামর্শ, আর্থিক সহযোগিতায় আমাদেরকে সক্রিয় সহযোগিতা যুগিয়েছে। আমরা কৃতজ্ঞ বাংলাদেশ সরকারের স্থানীয় জাতীয় পর্যায়ের বিভিন্ন বিভাগের কাছে,যাদের সহযোগিতায় আমাদের চলার পথকে করেছে আরো সম্প্রসারিত। যাদের সক্রিয় সহযোগিতা ও সুপরিকল্পিত উপদেশ, পরামর্শ এবং কর্মপ্রেরণায় আজ আমরা গর্বিত তাদেরকে আকাস এর সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদের, সকল সদস্য ও সদস্যা শ্রদ্ধাবনত ও কৃতজ্ঞ।

দারিদ্র বিমোচনসহ আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে যে সব সৃজনশীল, সাহসী নির্ভিক কর্মী বাহিনী নিরলস প্রচেষ্টায় কাজ করে যাচ্ছেন, তাদের অক্লান্ত পরিশ্রম, ধৈয্য ও নিষ্ঠার ফল আজকের আকাস এর বর্তমান অবস্থা।

আমরা গভীর কৃতজ্ঞতা জানাই সকল বন্ধুপ্রতীম সংস্থা, শুভাকাংখী যারা আমাদের পাশে থেকে আপন জনের মত আমাদের চলার পথকে সুগম করেছেন। ত্বরান্বিত করেছেন আমাদের কার্যক্রমকে।

# ভুমিকা ঃ

আদর্শ কাজের সন্ধানে (আকাস) একটি স্থানীয় বেসরকারি অলাভ জনক, অরাজনৈতিক স্বেচ্ছাসেবী উন্নয়ন মুলক সংস্থা, সৃষ্টিলগ্নে এই সংস্থাটি দারিদ্র মুক্ত সমাজ প্রতিষ্ঠার অঙ্গিকার নিয়ে পল্লীর তৃণমূল পর্যায়ে কাজ করে যাচ্ছে। সংস্থার প্রতিষ্ঠাতা মোঃ জিয়াউর রহমান রচবেলের নেতৃত্বে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে বিভিন্ন জেলার কিছু সংখ্যক সমমনা লোকের প্রচেষ্টায় ১৯৯৯ সালের ১ লা জানুয়ারী এই সংস্থার জম্ম হয়। জন্মলগ্ন থেকে এই সংস্থা সমাজের অবহেলিত পিছিয়ে পড়া জনগণের মৌলিক চাহিদা মেটানো এবং গণসচেতনতা বৃদ্ধি, স্থানীয় সম্পদের সুষম বন্টন ও বেকার জনসমষ্টিকে আদর্শমূলক কাজে উদ্বুদ্ধকরণ এবং এর কলা কৌশল অবলম্বন করে ক্রমাগত ভাবে নিজস্ব গতিতে এগিয়ে যাচ্ছে। আকাস' বিশ্বাস করে জনগণের সক্রিয় অংশ গ্রহণ-ই বয়ে আনতে পারে সফলতা এবং অভিন্ন ফলাফল।

# আকাস'র আদর্শ ঃ

শিক্ষা, শান্তি, ঐক্য শৃঙ্খলা, বিশ্বাস, সততা ও সহযোগিতামূলক পরিবেশ সৃষ্টির মাধ্যমে স্বেচ্ছাসেবী কর্মদ্যোগের দ্বারা এলাকা তথা সমাজের বিভিন্ন স্তরের সামাজিক উন্নয়ন সাধন ও আর্থ সামাজিক সাংস্কৃতিক প্রকল্পের মাধ্যমে অসহায়, দুস্থ ও বেকার জনশক্তিকে কাজে (মূলতঃসরাসরি উৎপাদনের সাথে সম্পর্ক যুক্ত) লাগানোর ভিতর দিয়ে এগিয়ে নিয়ে যাওয়া এই সংস্থার মূল আদর্শ।

# আকাস'র উদ্দেশ্যসমূহ ঃ

(ক) অসহায় দুস্থ বেকার ও দারিদ্র জনগোষ্ঠির ভাগ্যোউন্নয়নের জন্য আর্থ সামাজিক উন্নয়ন মূলক কাজে লাগানোর মাধ্যমে পরনির্ভশীলতার গ্লানি মুক্তকরে আত্ম-নির্ভরশীল হিসাবে গড়ে তোলা।

(খ) সমাজের অবহেলিত, নিপীড়িত দরিদ্র, পিছিয়ে পড়া ও ঝিমিয়ে পড়া লোকদের মাঠপর্যয়ে চিহ্নিত করে পেশা ভিত্তিক অপ্রতিষ্ঠানিক শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা দ্বারা বেকার, দুস্থ ও অসহায়দের সমস্যা সমাধানের মাধ্যমে শ্রমের মর্যাদা প্রতিষ্ঠা ও কর্মসংস্থানের ব্যবস্থা করা।

(গ) এলাকায় সঠিকভাবে পয়ঃনিস্কাশনের ব্যবস্থা করা। পাকা পায়খানা (সেনিটারী লেট্রিন), বিশুদ্ধ পানির সুন্দর সরবরাহ, আর্সেনিক চিহ্নিতকরণসহ দরিদ্র জনগোষ্ঠিকে তৃণমূল পর্যায়ে সু-স্বাস্থ্য গঠনের সুযোগ প্রদান করা।

(ঘ) কর্মএলাকার চিহ্নিত স্থানীয় সম্পদ সমূহ যথাযথ ব্যবহার করার মাধ্যমে মানব কল্যাণ সাধন করা।

(ঙ) অভিষ্ঠ্যদল (Target Group) গঠন করান উদ্দেশ্যে কর্মী ও সেবা মূলক প্রতিষ্ঠানকে সৃজনশীল চিন্তাধারা দিয়ে সাহায্য করা, তথ্য সংগ্রহ করা, মাঠ সম্প্রসারণ করা এবং মাঠ পর্যায়ে তৃণমূল মানুষের সাথে জাতীয় অর্থনৈতিক উন্নয়নের জন্য সার্বিক পদ্ধতি নির্ধরন করা।

(চ) গণসাংস্কৃতিক বিষয়ক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে বাঙ্গালী সংস্কৃতির ধারা অব্যাহত রেখে বিভিন্ন পথনাট্য, সংস্কৃতি সভামঞ্চ লোক সাংস্কৃতিক, বাংঙ্গালীর ঐতিহ্য বিজড়িত খেলাধুলার সুযোগ প্রদান করা।

(ছ) অপ্রতিষ্ঠনিক শিক্ষাকে বিশেষভাবে প্রধান্য দিয়ে শিশু, কিশোর-কিশোরী ও বয়স্কদের প্রাথমিক, মাধ্যমিক, পেশামূলক ও বয়স্ক শিক্ষার সুযোগ করা।

(জ) মা ও শিশু কল্যাণ কেন্দ্র সহ স্বাস্থ্য, জনসংখ্যা নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা বিষয়ক সম্পর্কে জনগোষ্ঠিকে সচেতন করে উক্ত বিষয়ে স্থানীয় সুযোগ সুবিধা প্রদানে সহায়তা করা।

(ঝ) মানব উন্নয়নের লক্ষ্যে সাধারণ মানুষকে সমবায়ে অংশগ্রহণ, নেতৃত্ব প্রদান, হিসাব-নিকাশ এবং মানবিক গুনাবলী বিকাশের সুযোগ সৃষ্টিতে সহায়তা করা ও পরিকল্পনা করা।

(ঞ) পরিবেশ সম্মত কৃষির ব্যবহার সহ উন্নত পদ্ধতিতে অনুন্নত এলাকায় অধিক ফসল ফলানো, মৎস্য চাষ করা ও বাজারজাত করণে সহায়তা করা, হাঁস-মুরগী ও গবাদী পশুর খামার করা ও পুষ্টিহীনতা দূরীকরণে পদক্ষেপ নেয়া।

(ট) পল্লীর অনুন্নত তৃণমূল পর্যায়ের সাধারণ মানুষের সাধারণ অবস্থার উন্নতির জন্য সরাসরি এবং উপযুক্ত সংগঠনের মাধ্যমে নিয়মিত সভা ও সমাবেশের ব্যাবস্থা করা এবং সামাজিক সাংস্কৃতিক অনুষ্ঠানের পদক্ষেপ নেয়া।

(ঠ) বিভিন্ন উন্নয়ন ও সেবামূলক সরকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষাকরা ও দরিদ্র জনগোষ্ঠির ভাগ্যেন্নয়নে সহায়তা প্রদান করা।

(ড) দুঃস্থও ছিন্নমূল মহিলাদের ও শিশুদের কর্মসংস্থানের নিমিত্তে স্থানীয় সম্পদের যথাযথ সদ্ব্যবহারের মাধ্যমে উপযুক্ত কুটির ও হস্ত শিল্প ইত্যাদির ব্যবস্থা ও বাজারজাত করার পদক্ষেপ'র গ্রহণ করা সহ নারীরস্বাস্থ্য অধিকার ও আইনী সহায়তা প্রদান করা।

(ঢ) বিভিন্ন প্রকৃতির দূর্যোগকালীণ সময়ে (বন্যা, খড়া জলোচ্ছাস মহামারী) দাতা সংস্থার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ত্রাণ, পূনর্বাসন ও গৃহনির্মাণ কাজে সহযোগিতা করে।

(ণ) কর্ম এলাকায় অসহায় ও প্রতিবন্ধী জনগণকে চিহ্নিত করে উহার প্রতিরোধ, প্রতিকার, পুনর্বাসন ও মৌলমানবিক চাহিদা পুরণে সহায়তা প্রদান করা।

(ত) খাল খনন কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে গ্রামীণ, কৃষকদের সংগঠীত করা ও কৃষির উৎপাদন ও প্রযুক্তি সম্পর্কে তথ্য ও উহার ব্যবহার বাস্তবায়ন করা।

(থ) গণশিক্ষা, বয়স্কশিক্ষা, প্রতিষ্ঠানিক শিক্ষা ও কিন্ডার গার্টেন স্থাপণ সহ শিক্ষার আধুনিকতার প্রতিফলন ঘটানো।

(দ) মানবাধিকার ও সু-শাসন প্রতিষ্ঠায় জনগণের মৌলিক চাহিদা পুরণে সহায়তা প্রদান।

(ধ) প্রতিবন্ধী ব্যক্তিদের চিহ্নিতকরে তাদের কল্যাণকর সহযোগিতা প্রদান করা।

(ন) শিশুদের সুরক্ষয়ায় ও জাতীসংঘ শিশু অধিকার সনদ বাস্তবায়নে জেলার বিভিন্ন কর্মসূচী পালন।

## আকাস'র কর্ম এলাকা অনুযায়ী বাস্তবায়িত কর্মসূচী ঃ

আকাস এর কর্ম এলাকা সমগ্র বাংলাদেশে অনুমোদিত থাকলেও আকাস ঢাকা শহরে লিয়াজো অফিস স্থাপন সহ ঝালকাঠি জেলার ৪ টি উপজেলার ২ টি পৌর এলাকা ও ৩২টি ইউনিয়নের ২০১টি গ্রাম এবং বরিশাল জেলার ২ টি উপজেলা ৪টি ইউনিয়নে ২১ টি গ্রামে এবং পটুয়াখালী জেলার ২ টি উপজেলার ১০ টি ইউনিয়নের ৬০ গ্রামে কাজ করে আসছে। নিম্নে ইউনিয়ন ওয়ারী গ্রামের সংখ্যা তুলেধরা হল।

| নং | কর্মসূচীর নাম | জেলা | উপজেলা | ইউনিয়ন | মোট গ্রাম/এলাকা |
|---|---|---|---|---|---|
| ১. | সঞ্চয় ও ক্ষুদ্র ঋণ এবং নারী ও শিশু অধিকার | ঝালকাঠি | সদর ঝালকাঠি | পৌরসভা,বাসন্ডা,পোনা -বালিয়া,ধানসিড়ি,নবগ্রাম | ১১ টি |
| ২. | গণশিক্ষা ও বয়স্ক শিক্ষা কার্যক্রম, BRAC/ESP, USC বাংলাদেশ ও নিজস্ব ফান্ড | ঝালকাঠি | নলছিটি | ভৈরবপাশা,নাচনমহল, কুলকাঠি ও পৌরসভারবস্তি এলাকা | ৯ টি |
| ” | ” | ” | রাজাপুর | মঠবাড়ি,বড়ইয়া | ৬টি |
| ৩. | সঞ্চয় ও ক্ষুদ্র ঋণ | ঝালকাঠি | কাঠিলিয়া | আমুয়া,পাটিখালঘাটা | ২টি |
| ৪. | মৎস্যচাষ নার্সারী, নারী | ঝালকাঠি | ঝালকাঠি | পোনাবালিয়া ইউনিয়ন | ৪টি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | অধিকার | | সদর | | |
| ৫. | পরিবেশ সম্মত কৃষি কার্যক্রম | ঝালকাঠি | ঝালকাঠি সদর | পোনাবালিয়া | ৫টি |
| ” | ” | ” | নলছিটি | কুলকাঠি | ৩টি |
| ৬. | ক্ষুদ্র ব্যবসা প্রকল্প (প্রাকটিক্যাল এ্যাকশন) | ” | ঝালকাঠি সদর | পৌর এলাকা | ৩টি |
| ৭. | নিরাপদ পানি ও সেনিটেশন (এনজিও ফোরাম) | ঝালকাঠি | ঝালকাঠি সদর | পোনাবালিয়া | ৪টি |
| ৮. | আইনগত পরামর্শ ও সহায়তা | ঝালকাঠি | সমগ্র জেলা | সমগ্র জেলা | সমগ্র জেলার গ্রাম সমূহ |
| ৯. | সঞ্চয় ক্ষুদ্র ঋণ, ওয়াটার সেনিটেশন, নারীও শিশু অধিকার,প্রতিবন্ধী উন্নয়ন | বরিশাল | মেহেন্দীগঞ্জ হিজলা | উলানিয়া, ধুলখোলা,চানপুর, কালিগঞ্জ | ২১টি |
| ১০. | নকসীকাঁথা ও শীতল পাটি | ঝালকাঠি | ঝালকাঠি সদর | কিফাইনগড়/ পাড় কিফাইতনগড় | ২টি |
| ১১. | নারীর স্বাস্থ্য অধিকার সংক্রান্ত এ্যাডভোকেসী প্রকল্প | ঝালকাঠি | ঝালকাঠি সদর | সদরহাসপাতাল ঝালকাঠি | ১টি |
| ১২. | পরিবীক্ষণ প্রকল্প | ঝালকাঠি | ঝালকাঠি সদর | থানা, হাসপাতাল ও আদালত | জেলার সমগ্র |
| ১৩. | লিচেনটু ভয়েস প্রকল্প এলসিভি শিশু অধিকার ও সুরক্ষা | ঝালকাঠি | সমগ্র | সমগ্র জেলা গ্রাম সমূহ থেকে চিহ্নিত শিশু | |
| ১৪. | প্রতিবন্ধি উন্নয় প্রকল্প | ঝালকাঠি | সমগ্র | সমগ্রজেলা থেকে চিহ্নিত প্রতিবন্ধি | |
| ১৫. | মৎস্য চাষ প্রকল্প (কার্প) | ঝালকাঠি | সমগ্র | ৩২ টি | ২০১ টি |
| ১৬. | নারীর অধিকার | ঝালকাঠি | ঝালকাঠি সমগ্র | ৩২ টি | ২০১ টি |
| | | পটুয়াখালী | আমতলী, কলাপাড়া | ১০ টি | ৬০ টি |

# আকাস ত্রাণ ও পূণর্বাসন কর্মসূচী ঃ

দুর্যোগ পরবর্তী ক্ষতিগ্রস্থ পরিবারের জন্য জরুরী ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমই এ কর্মসূচীর প্রধান উদ্দেশ্য এবং এর মাধ্যমে গত অর্থ বৎসরে সংস্থা দুর্যোগ কবোলিত অঞ্চলে ত্রাণ বিতরণ অব্যাহত রেখেছে এবং সংস্থা মানুষ মানুষের জন্য এ বিশ্বাসে বিশ্বাসী। সুতরাং দেশের বিভিন্ন রকমের বন্যা জলচ্ছাস খড়া মহামাড়ি সহ বিভিন্ন রকমের দুর্যোগ মোকাবেলা সহ অসহায় ও তৃণমূল জনগণের পাশে দাঁড়ানো সংস্থার একটি অন্যতম কাজ। দেশের বিভিন্ন সময়ে জরুরী দুর্যোগ দেখা দিলে সরকারি বেসরকারি ও দেশ বরেণ্য ব্যক্তি বর্গের মাধ্যমে ত্রাণ সংগ্রহ করে ত্রাণ বিতরণ করা সংস্থার একটি জরুরী কাজ। এই কাজকে গুরুত্ব দিয়ে গত অর্থ বছরে সিডরে ক্ষতিগ্রস্ত ঝালকাঠি জেলার বিভিন্ন পর্যায়ের দরিদ্র জনগণের মধ্যে নিম্ন লিখিত ত্রাণ বিতরণ করেছে

| ক্র: নং- | ত্রাণ উপকরণের নাম | দাতা সংস্থা | উপকারভোগী সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | খাবার স্যালাইন | এনজিও ফোরাম | ২০,০০০ | |
| ২. | খাদ্য সামগ্রী | স্টেপটুওয়ার্ডস | ৩০০ | |
| ৩. | শাড়ী, লুঙ্গী | নারীপক্ষ | ৫০ | |
| ৪. | ফ্যামীলি কিটস | ইউনেসেপ | ১০০০ | |
| ৫. | মৎস্য উপকরণ | ওয়ার্ল্ড ফিস | ৩৫০০ | |

## আকাস তৃণমূল ট্রেনিং ঃ

বর্তমান অর্থ বছরে আকাস নিম্ন লিখিত প্রশিক্ষণ সমূহ প্রস্তুত করেছে।

(ক) ব্যবস্থাপণা প্রশিক্ষণ -০৩টি কোর্স
(খ) কম্পিউটার শিক্ষণ প্রশিক্ষণ -০৪টি কোর্স
(গ) প্রশিক্ষক প্রশিক্ষণ -০১টি কোর্স
(ঘ) কৃষি বিষয়ক প্রশিক্ষণ -০১টি কোর্স
(ঙ) মৎস্য বিষয়কপ্রশিক্ষণ -০৭টি কোর্স
(চ) পশু সম্পদ বিষয়ক প্রশিক্ষণ -০৯টি কোর্স
(ছ) মনিটারিং ও মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ -০২টি কোর্স
(জ) গ্রাম উন্নয়ন এবং স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ -০২টি কোর্স
(ঝ) গণশিক্ষা ও বয়স্ক শিক্ষা বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ -০৫টি কোর্স
(ঞ) শিশু অধিকার বিষয়ক প্রশিক্ষণ -০২ টি কোর্স
(ট) শিশু সাংবাদিকতা বিষয়ক প্রশিক্ষণ -০১টি কোর্স
(ঠ) ভমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ -০২ টি কোর্স
(ড) আইন বিষয়ক প্রশিক্ষণ -০২টি কোর্স
মোট = ৪২টি কোর্স

জনগণের সংগঠন জনগণ সব কিছু করে এবং সবকিছু নিজেরাই ব্যবস্থা ও পরিচালনা করে।

## আকাস আইন সহায়তা প্রকল্প ঃ

আকাস অসহায় তৃণমূল হতদরিদ্র নারীদের আইনী সহায়তার কথা ভেবে বিনামূল্যে আইন সহায়তা প্রকল্প নামে ১টি প্রকল্প চালু করেছে। সংস্থার নির্বাহী পরিচালক যেহেতু ১ (এক) জন এ্যাডভোকেট তিনি তার নেতৃত্বে জেলার ৫(পাঁচ) জন অভিজ্ঞ এ্যাডভোকেট নিয়ে ১টি প্যানেল আইনজীবী গঠন করেছেন এবং জেলার যেকোন অসহায় তৃণমূল হতদরিদ্র অসহায় নারীগণ উক্ত আইন সহায়তা কেন্দ্রে আসলে বিনামূল্যে আইন সহায়তা পাবেন। সংস্থার নির্ধারিত আবেদন ফরমে বিনামূল্যে প্রথমে আবেদন করলে, প্যানেল আইনজীবীগণ তা পর্যালোচনা করে উভয় পক্ষেকে প্রথমে নোটিশ প্রদান করবেন এবং উভয় পক্ষের শুনানীর দিন ধার্য্য করে শালিস ও মধ্যস্থতা করবেন। বিষয়টি আরো জটিল আকার ধারন করলে জাতীয় আইনগত সহায়তা কমিটির কার্যালয় প্রশিকা লিগ্যাল এইড ক্লিনিক, ব্র্যাক আইন সহায়তা কেন্দ্র, জাতীয় মহিলা আইনজীবী সমিতি ও ব্লাষ্টের মাধ্যমে আকাস এর তত্ত্বাবধানে মোকাদ্দমা পরিচালনার মাধ্যমে সমান করে থাকে। কিছু কিছু মোকাদ্দমা আকাস নিজের খরচে পরিচালনা করে থাকে। আইন সহায়তা প্রকল্পের কার্যক্রমের ছক নিম্ম রূপ:

| জেলার সংখ্যা | উপজেলার সংখ্যা | ইউনিয়নের সংখ্যা | গ্রামের সংখ্যা | আবেদন কারীর সংখ্যা | শালিস ও মধ্যস্থতা | মোকদ্দমা পর্যায়ে | রায় | চলমান |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০৫ | ৪৫ | ১৩২ | ৪৮৮ | ২৭ | ১৯ | ০৮ | ০৩ | ০৫ |

## এএলআরডি ও আকাস এর যৌথ উদ্যোগে এই অর্থ বছরে বাস্তবায়িত কর্মসূচি ঃ

| ক্র: নং | ভূমি অধিকার সংক্রান্ত স্টাফ প্রশিক্ষন | ভূমি অধিকার সংক্রান্ত প্রশিক্ষানার্থীর সংখ্যা | ভূমি অধিকার সংক্রান্ত তৃনমূল পর্যায়ে ধারনা প্রাপ্ত সদস্য সদস্যার সংখ্যা | অভিযোগ | শালিস ও মধ্যস্থতা | অভিযোগ চলমান |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ২৬ | ১২৬০ | ০৭ | ০৪ | ০৩ |

**উক্ত প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণ নিম্ন লিখিত বিষয় সম্পর্কে ধারনা অর্জন করেছে:**

* বিভিন্ন সমাজ ব্যবস্থায় ভূমির মালিকানা ও নারী পুরুষের সম্পর্ক ব্যাখ্যা করা।
* ভূমি সংস্কার বিষয়ক আইন, অধ্যাদেশ ও নীতিমালা বলা।
* উত্তারাধিকার আইন অনুযায়ী প্রাথমিকভাকে ফরায়েজ বন্টনের অংশ বলতে পারবেন
* জমি জমা সম্পর্কিত কাগজ-পত্র চিহ্নিত করণ।
* স্থানীয় শক্তি চিহ্নিত করে তা কাজে লাগানোর কৌশল ব্যাখ্যা করা।
* ভূমি বিষয়ক বিরোধ মীমাংসায় কর্মীর করনীয় কর্মকৌশল নির্ধারণ করা।

## ➢ কার্যক্রম ও অর্জন:

সংস্থাটি ২০১৯-২০ অর্থবছরে মোট ৪২ টি প্রশিক্ষণ আয়োজন করে।

মানবাধিকার বিষয়ক সচেতনতামূলক কর্মশালা সফলভাবে পরিচালিত হয়।

## ➢ প্রধান প্রকল্প ও কার্যক্রম:

প্রকল্প ১: নারীর ক্ষমতায়ন এবং দক্ষতা উন্নয়ন।

প্রকল্প ২: শিশু অধিকার সুরক্ষায় গ্রামীণ পর্যায়ে প্রচারাভিযান।

## ➢ চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতা:

গ্রামীণ এলাকায় জনসচেতনতার অভাব।

অর্থায়নের সীমাবদ্ধতা।

## ➢ প্রস্তাবনা ও ভবিষ্যৎ পরিকল্পনা:

আরও তহবিল সংগ্রহের উদ্যোগ।

জনসচেতনতা বৃদ্ধির জন্য ডিজিটাল মাধ্যম ব্যবহারের পরিকল্পনা।

## শেষকথা ঃ

আদর্শ কাজের সন্ধানে (আকাস) তার ২১ বছরের দীর্ঘ যাত্রায় গ্রামীণ এবং দরিদ্র জনগণের উন্নয়ন ও কল্যাণে অবিচলভাবে কাজ করে আসছে, যা দেশের সমাজে একটি শক্তিশালী ও প্রেরণাদায়ক ভূমিকা পালন করেছে। এই সময়ের মধ্যে, আকাস তার আদর্শ, সততা এবং নিষ্ঠার মাধ্যমে দারিদ্র্য, বৈষম্য এবং সামাজিক প্রতিবন্ধকতা দূরীকরণে নতুন উদাহরণ সৃষ্টি করতে সক্ষম হয়েছে। "মানুষ মানুষের জন্য" এই বিশ্বাসে পরিচালিত হয়ে সংস্থাটি সমাজের অবহেলিত ও পিছিয়ে পড়া জনগণের জন্য উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করেছে, যা তাদের জীবনমান উন্নত করতে সাহায্য করেছে। আকাসের সফলতা এসেছে সরকারের বিভিন্ন দপ্তর, বেসরকারি সংস্থা এবং শুভাকাঙ্খীদের সহযোগিতার মাধ্যমে, যা সংস্থাটির কার্যক্রমকে আরও শক্তিশালী করেছে এবং জনগণের কল্যাণে তা ব্যাপক প্রভাব ফেলেছে। ভবিষ্যতে, আকাস তার কার্যক্রম আরও বিস্তৃত করে সমাজের প্রতিটি স্তরে ইতিবাচক পরিবর্তন আনতে সক্ষম হবে এবং গ্রামীণ জনগণের জন্য আরও বেশি সুযোগ সৃষ্টি করবে। সংস্থাটি প্রত্যন্ত অঞ্চলে ইতিমধ্যেই উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে সেখানে একটি দৃশ্যমান পরিবর্তন আনতে সক্ষম হয়েছে, যা দেশের সামগ্রিক উন্নয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আকাসের ভবিষ্যত পরিকল্পনায় রয়েছে আরও বড় পরিসরে কাজ করে মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আনা এবং সমাজের প্রতিটি স্তরে সমৃদ্ধি ও কল্যাণ প্রতিষ্ঠা করা, যা দেশের উন্নয়নের পথে নতুন দিগন্ত উন্মোচন করবে। ফেলবে এবং দেশের সুনাম আরও বাড়াবে।